# SMC News

A Quarterly Publication

Issue 24, January to March 2018

SMC

Helping you live better

SOCIAL MARKETING COMPANY


## Annual General Meeting of SMC and SMC Enterprise Limited held




Social Marketing Company (SMC) held its 29th Annual General Meeting (AGM) on March 29, 2018 at the Company Head Office in Dhaka. The AGM received, adopted and ratified the Directors' Report and Auditor's Report for the Financial Year 2016-2017 and appointed auditors for the Financial Year 2017-2018.

Mr. Siddiqur Rahman Choudhury, Chairman of the Board of Directors of SMC, presided over the meeting. Board Directors and Company Members, Managing Director & CEO of SMC, Mr. Md. Ali Reza Khan and Managing Director of SMC Enterprise Ltd (SMC EL), a subsidiary of SMC, Mr. Abdul Haque were also present in the meeting.

On the same day the 3rd Annual General Meeting (AGM) of SMC Enterprise Limited was held at the Company Head Office in Dhaka. The AGM received, adopted and ratified the Directors' Report and Auditor's Report for the Financial Year 2016-2017 and appointed auditors for the Financial Year 2017-2018.




Mr. Siddiqur Rahman Choudhury, Chairman of the Board of Directors of SMC EL, presided over the meeting. Board Directors, Managing Director & CEO of SMC, Mr. Md. Ali Reza Khan and Managing Director of SMC EL, Mr. Abdul Haque were also present in the meeting.

## We mourn the sad demise of Mr. Dhiraj Kumar Nath, honorable Company Member

Mr. Dhiraj Kumar Nath, respected Company Member of SMC and former Adviser of the Caretaker Government of Bangladesh, passed away on January 5, 2018 at a hospital in Dhaka. He was 73 years old. Mr. Nath, a former Secretary, served the Government of Bangladesh in various administrative capacities. He also served as Secretary, Ministry of Local Government, Rural Development and Cooperatives (Rural Development and Cooperatives Division) and retired in 2003 after a 34-year stint as a public servant. He left behind his wife, two sons and a lot of admirers including us to mourn his death. All members of the SMC family gratefully recall his valuable guidance and contribution.



## SMC sponsors "Joya Alokito Nari" again





SMC EL became the title sponsor of the RTV program "Joya Alokito Nari" for the third consecutive year to commemorate the International Women's Day. This year, the program was held on March 9, 2018 at a local hotel in Dhaka. Mr. Mohammad Nasim, M.P., Minister, Ministry of Health and Family Welfare, and Ms. Meher Afroze Chumki, Minister of State, Ministry of Women and Children Affairs, Government of Bangladesh and Mr. Abdul Haque, Managing Director, SMC EL, were in attendance along with high officials from SMC, diplomats, celebrities and other dignitaries.

Eight women from different industries were awarded in this program for their contributions in creating platform for the independence of modern women today. The awardees included: Professor Dr. Sayeba Akhtar (Health & Medicine), Ruby Rahman (Literature), Mouluda Khanam (Art & Culture), Professor Dr. Hosne Ara Begum (Social Service), Shaheen Samad (Singer), Parveen Mahmud FCA (Women's Rights), Nasrin Sultana (Challenging Profession) and Akhi Khatun (Sports). Mr. Abdul Haque, Managing Director, SMC EL, handed over an award to Ms. Shaheen Samad.



## Taste Me Family Pack in market now

SMC EL launched Taste Me 200 gm Family Pack on January 1, 2018. It is now available in local markets nationwide to cater to consumers' preference on consumer size packs. The soft drink powder market has a high growth opportunity during the summer season. This is a high quality drink with more variety than the competitive brands presently available in the country.

## Joya Ultra Comfort sanitary napkin launched

The Consumer Marketing team of SMC EL has introduced Joya Ultra Comfort, a premium variant of Joya Sanitary Napkin in the consumer market in February 2018. Joya Ultra Comfort is the only sanitary napkin with antibacterial chip which prevents infection and reduces menstrual odor.




## SMC partners with Daraz



For the first time, SMC's popular products are available in one of the top e-commerce sites in Bangladesh - daraz.com.bd | Daraz Online Shopping BD. It is the number one online shopping website in Bangladesh and now our products are just a click away from online ordering for anyone throughout the country. Currently SMC's Amore luxury condoms, Taste Me instant soft drink powder, Bolt glucose powder and Joya sanitary napkins are available on this online platform. To explore the new opportunity, please visit www.daraz.com.bd

## Amore in social media




Amore luxury condom's communication is currently very active in social media, namely facebook. To encourage a good amount of fan following, the Consumer Marketing team of SMC EL published a post on its facebook page on this year's Valentine's Day. The post invited fans to participate in a Question-Answer session. Following the post, we received a strong response from the target group.




## SMC went loud in Tri-Nation T-20

SMC's popular consumer brands ORSaline-N, Taste Me, Bolt and Panther were advertised vigorously on Channel 9 during the recent Tri-Nation T-20 Cricket Tournament (Nidahas Cup Cricket Tournament). Multiple spots and pop-ups appeared on television during the match times. This campaign is expected to help create more awareness about these brands.

## Bogura Area Office organized workshop for JGCC students



The Bogura Area Office of SMC EL in collaboration with the Joypurhat Girls' Cadet College (JGCC) organized a sensitization workshop among female cadets at the JGCC auditorium on March 27, 2018. The aim of the workshop was to create awareness on personal health and hygiene for adolescent girls. It was an excellent platform to promote use of sanitary napkins in general and SMC's Joya in particular as an essential product for menstrual management. Mr. Md. Abu Hanif, Acting Principal, JGCC, spoke on the occasion as the Chief Guest. Major Himel Miah and Captain Ashrafia Akter, Adjutant and Medical Officer of JGCC respectively, were the Special Guests. Among others, Mr. Quazi Md. Jafrullah, Regional Manager, North Division; Mr. Abul Hayat Md. Kamal, Sales Manager, Bogura; Mr. Shamsul Alam, Senior Area Executive and Mr. Md. Rafiqul Islam, Sales Officer, Joypurhat, represented SMC EL at the program. A lecture on hygiene practices was delivered by the guest speaker and obstetrician Dr. Nur-un-naher Nazme.

## USAID dignitaries visit SMC's manufacturing distribution operations

Ms. Caroll Vasquez, Director, Office of Population, Health, Nutrition and Education (OPHNE), USAID/Bangladesh and Joseph Monehin, Deputy Director, OPHNE, USAID/Bangladesh visited SMC's manufacturing operations on March 1, 2018. They visited the ORS Factory and Central Warehouse in Bhaluka, Mymensingh. Mr. Md. Feroze Ul Alam, Chief of Factory Management and Mr. Md. Mujibul Haque Khan, General Manager, Bhaluka Factory accompanied them during their visit to the factory. The guests visited a Blue Star provider later that day. Mr. Toslim Uddin Khan, General Manager, Program, also accompanied the visiting USAID high officials during their visits.



# Our Chairman visits sales and field program activities in Sylhet area

Mr. Siddiqur Rahman Choudhury, Chairman of SMC & SMC EL Board of Directors, visited Sylhet and Habiganj districts from January 9 to 10, 2018 to see the field promotional activities. During his visits, Mr. Choudhury observed a CSA meeting and attended a Private Community Health Providers (PCHP) training session in Habiganj district. The Chairman also visited the SMC EL Area Office in Sylhet where Mr. Mohammod Bahauddin Khandkar, Sales Manager, Sylhet gave a presentation on both sales and program activities in the Sylhet area.

The Chairman visited the Notun Din office at Bahubal Upazila of Habiganj district. He observed a monthly Community Sales Agent (CSA) meeting and witnessed a presentation on the activities of CSAs. He also exchanged views with the CSAs. Mr. Choudhury was overwhelmed by the enthusiasm shown by CSAs for their work and was impressed by their performance. The CSAs have helped SMC to make a very effective market penetration of its products to rural women. It is an innovative initiative undertaken by SMC which has not only benefited SMC but also contributed in improving the health and hygiene of rural women as well as their empowerment.




During his visit to a PCHP training program held in Habiganj on January 10, 2018, the Chairman exchanged views with the PCHPs. He observed that the PCHPs were very proud of their association with SMC and was also pleased with the method and quality of PCHP training provided by SMC.

# Experience Sharing and Performance Review Meeting on LARC held






SMC's Program Division organized an experience sharing and performance review meeting with the doctors of its Long Acting Reversible Contraceptive (LARC) Program under Bogura area office on January 23, 2018. The meeting was organized to review performance, share best practices, lessons learned and discuss on ways to improve LARC performance in the private sector. A total of 45 doctors participated in the event. Brigadier General (Dr.) Md. Golam Rasul, Director, Shaheed Ziaur Rahman Medical College Hospital (SZMCH), Bogura, inaugurated the meeting where he highlighted the contribution of private sector towards achieving national goals. Among others, Mr. Toslim Uddin Khan, General Manager, Program, SMC; Mr. Quazi Md. Jafrullah, Regional Manager, North Division, SMC EL; and Dr. Akhtari Hossain Chowdhury, Past Organizing Secretary, Central Branch, OGSB, spoke on the occasion.

Adviser: Md. Ali Reza Khan; Developed and circulated by: Corporate Affairs Department; Acknowledgement: All departments for providing information. Address: SMC Tower, 33 Banani C/A, Dhaka-1213, Bangladesh.
PABX: +(8802) 9821074-80, 9821090, 9821093, web: **www.smc-bd.org**

এস এমসি নিউজ
একটি ত্রৈমাসিক প্রকাশনা
ইস্যু ২৪, জানুয়ারী-মার্চ ২০১৮

Helping you live better
SOCIAL MARKETING COMPANY

## এসএমসি ও এসএমসি এন্টারপ্রাইজের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




গত ২৯ মার্চ, ২০১৮ তারিখে ঢাকায় সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)'র প্রধান কার্যালয়ে ২৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এই সভায় কোম্পানীর ২০১৬-২০১৭ অর্থবছরের ডিরেক্টরস রিপোর্ট এবং অডিটরস রিপোর্ট গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য অডিটর নিয়োগ দেওয়া হয়।

সভায় সভাপতিত্ব করেন এসএমসি বোর্ড অব ডিরেক্টরসের চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী। সভায় আরো উপস্থিত ছিলেন বোর্ডের পরিচালক ও কোম্পানীর সদস্যবৃন্দ, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি'র সাবসিডিয়ারি প্রতিষ্ঠান, এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক।

একই দিনে কোম্পানীর প্রধান কার্যালয়ে এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের তৃতীয় বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় কোম্পানীর ২০১৬-২০১৭ অর্থবছরের ডিরেক্টরস রিপোর্ট এবং অডিটরস রিপোর্ট গ্রহণ ও অনুমোদন করা হয় এবং ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য অডিটর নিয়োগ দেওয়া হয়।




সভায় সভাপতিত্ব করেন এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের বোর্ড অব ডিরেক্টরসের চেয়ারম্যান জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী। সভায় আরো উপস্থিত ছিলেন বোর্ডের পরিচালকবৃন্দ, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ আলী রেজা খান এবং এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক।

## এসএমসি'র সম্মানিত কোম্পানী মেম্বার জনাব ধীরাজ কুমার নাথের মৃত্যুতে আমরা শোকাহত

এসএমসি'র সম্মানিত কোম্পানী মেম্বার এবং তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা জনাব ধীরাজ কুমার নাথ গত ৫ জানুয়ারি ২০১৮ সালে ঢাকার একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। জনাব ধীরাজ কুমার নাথ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়ে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব থাকা অবস্থায় ২০০৩ সালে দীর্ঘ ৩৪ বছর সরকারি চাকুরি করার পর অবসরে যান। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই পুত্র সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গিয়েছেন। এসএমসি'র উন্নয়নে জনাব ধীরাজ কুমার নাথের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। এসএমসি পরিবার কৃতজ্ঞতার সাথে তাঁর অবদানের কথা স্মরণ করছে।



# “জয়া আলোকিত নারীর” পৃষ্ঠপোষকতায় এসএমসি



আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বেসরকারি টেলিভিশন চ্যানেল আরটিভি’র অনুষ্ঠান “জয়া আলোকিত নারীর” টাইটেল স্পন্সর হলো এসএমসি ইএল। তৃতীয় বারের মতো এই পৃষ্ঠপোষকতায় নিজেদেরকে যুক্ত করলো এসএমসি। গত ৯ মার্চ ২০১৮ সালে ঢাকার একটি স্থানীয় হোটেলে এটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এমপি; মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম মেহের আফরোজ চুমকি; এসএমসি ইএলের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক, কূটনীতিক ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় সম্মাননা পেলেনঃ চিকিৎসাবিজ্ঞানে অধ্যাপক ডঃ সায়েবা আক্তার, কথাসাহিত্যে রুবী রহমান, শিল্পকলায় মৌলুদা খানম, সমাজসেবায় অধ্যাপক ড. হোসনে আরা বেগম, সংগীতে শাহীন সামাদ, নারীর ক্ষমতায়নে পারভীন মাহমুদ এফসিএ, চ্যালেঞ্জিং পেশায় নাসরিন সুলতানা ও ক্রীড়ায় আঁখি খাতুন। এসএমসি ইএলের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল হক সংগীত শিল্পী শাহীন সামাদকে আলোকিত নারী সম্মাননা তুলে দেন।

## টেস্ট মি ফ্যামিলি প্যাক এখন গ্রাহকদের হাতের নাগালে





গত পহেলা জানুয়ারি ২০১৮ তারিখে এসএমসি ইএল বাজারে নিয়ে এসেছে টেস্ট মি ২০০ গ্রাম ফ্যামিলি প্যাক। ভোক্তাদের সুবিধার কথা বিবেচনা করে প্রোডাক্টটি সারাদেশের স্থানীয় বাজারগুলোতে সরবরাহ করা হয়েছে। এই ইন্সট্যান্ট সফট ড্রিংক পাউডারের চাহিদা গ্রীষ্মকালে অনেকগুণ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। টেস্ট মি একটি উচ্চমানের পানীয় যা বাজারের অন্যান্য ব্রান্ড থেকে আরও নতুন ফ্লেভারে পাওয়া যাচ্ছে।

## এসএমসি ইএল নিয়ে এলো জয়া আল্ট্রা কমফোর্ট স্যানিটারি ন্যাপকিন

সম্প্রতি এসএমসি ইএলের কঞ্জিউমার মার্কেটিং টিম বাজারে নিয়ে এসেছে সর্বাধিক শোষণক্ষমতা সম্পন্ন স্যানিটারি ন্যাপকিন জয়া আল্ট্রা কমফোর্ট। এটি বাংলাদেশের একমাত্র অ্যান্টিব্যাকটেরিয়াল চিপ যুক্ত স্যানিটারি ন্যাপকিন যা ব্যাকটেরিয়াল ইনফেকশন প্রতিরোধ করে ও পিরিয়ডের দুর্গন্ধ কমায়।




## এসএমসি পণ্য এখন দারাজে




এই প্রথমবারের মতো জনপ্রিয় এসএমসি পণ্যসমূহ বাংলাদেশের সবচাইতে বড় অনলাইন ই-কমার্স সাইট দারাজ বিডিতে পাওয়া যাচ্ছে। এই অনলাইন কেনাকাটার ওয়েবসাইটে বাংলাদেশের যে কোন প্রান্তে বসে অর্ডার করে ভোক্তাগণ খুব সহজেই তাদের কাঙ্খিত পণ্যসামগ্রী পেতে পারেন। বর্তমানে আমোর কনডম, টেস্ট মি ইন্সট্যান্ট সফট ড্রিংক পাউডার, বোল্ট গ্লুকোজ পাউডার এবং জয়া স্যানিটারি ন্যাপকিন এই অনলাইন সাইটে কিনতে পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানতে ভিজিট করুন www.daraz.com.bd

## আমোর এখন সামাজিক যোগাযোগ মাধ্যমে

এসএমসির আমোর কনডম এখন সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষ করে ফেইসবুকে দেখা যাচ্ছে। এসএমসি ইএলের কঞ্জিউমার মার্কেটিং টিম এই প্রোডাক্টের জনপ্রিয়তা বাড়ানোর জন্য এই বছর ফেব্রুয়ারী মাসে ভালোবাসা দিবসে আমোর ফেইসবুক পেইজে একটি প্রশ্নোত্তর প্রতিযোগীতার আয়োজন করে। এই প্রতিযোগীতায় বহু সংখ্যক পেইজ সদস্য উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করেন যা কাঙ্খিত জনগোষ্ঠীর মাঝে এই পণ্যের সচেতনতা বৃদ্ধিতে বিশেষ ভূমিকা রাখে।



## ত্রিদেশীয় টি-২০ তে এসএমসি'র বিজ্ঞাপন




সম্প্রতি অনুষ্ঠিতব্য ত্রিদেশীয় টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট (নিদাহাস কাপ) চ্যানেল ৯ সরাসরি সম্প্রচার করে যেখানে এসএমসি তার জনপ্রিয় পণ্যগুলো বিশেষ করে ওরস্যালাইন-এন, টেস্ট মি, বোল্ট এবং প্যান্থার-এর ব্যাপক প্রচারণা চালায়। একাধিক টিভি স্পটস আর পপ-আপস দিয়ে এইসব এসএমসি পণ্যের প্রচারণা চালানো হয় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে।

## বগুড়া এরিয়া অফিস কর্মশালা আয়োজন করলো জেজিসিসি ছাত্রীদের জন্য



সম্প্রতি এসএমসি ইএলের বগুড়া এরিয়া অফিস, জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ (জেজিসিসি)'র সহযোগীতায় তাদের ক্যাডেটদের জন্য গত মার্চ ২৭, ২০১৮ তারিখে জেজিসিসি অডিটোরিয়ামে একটি সচেতনতামূলক কর্মশালার আয়োজন করে। কর্মশালার মূল প্রতিপাদ্য বিষয় ছিলো নারী ক্যাডেটদের বয়ঃসন্ধিকালের ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা সম্পর্কে অবহিত করা। কর্মশালাটি ছিলো মেয়েদের মাসিক ব্যবস্থাপনায় স্যানিটারি ন্যাপকিনের ব্যবহার, বিশেষ করে এসএমসি'র জয়া স্যানিটারি ন্যাপকিন সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার একটা ভালো সুযোগ। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেজিসিসি'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আবু হানিফ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেজিসিসি'র এডজুট্যান্ট মেজর হিমেল মিয়া ও মেডিক্যাল অফিসার ক্যাপ্টেন আশরাফিয়া আক্তার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসএমসি ইএলের রিজিওনাল ম্যানেজার (নর্থ ডিভিশন) জনাব কাজী মোঃ জাফরুল্লাহ; সেলস ম্যানেজার, বগুড়া, জনাব আবুল হায়াত মোঃ কামাল এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় হাইজিন ব্যবস্থাপনার উপর বক্তব্য রাখেন গাইনী বিশেষজ্ঞ ডাঃ নুর-উন-নাহার নাজমি।

## এসএমসির উৎপাদন কর্মকান্ড এবং বিতরণ ব্যবস্থাপনা পরিদর্শন করলেন ইউএসএআইডি'র উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ

যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) বাংলাদেশ মিশনের ওপিএইচএনই পরিচালক ক্যারল ভেসকুয়েজ এবং উপ-পরিচালক জোসেফ মোনেহিন গত মার্চ ১, ২০১৮ তারিখে এসএমসি-এর উৎপাদন কর্মকান্ড ও বিতরণ ব্যবস্থাপনা পরিদর্শন করেন। তাঁরা ময়মনসিংহের ভালুকায় অবস্থিত এসএমসি'র ওআরএস ফ্যাক্টরি ও সেন্ট্রাল ওয়্যারহাউজ (সিডব্লিউএইচ) পরিদর্শন করেন। ওআরএস ফ্যাক্টরিতে পৌঁছালে তাঁদেরকে ঘুরিয়ে দেখান চীফ অফ ফ্যাক্টরি ম্যানেজমেন্ট, জনাব মোঃ ফিরোজ উল আলম এবং জেনারেল ম্যানেজার, ভালুকা ফ্যাক্টরি, জনাব মোঃ মুজিবুল হক খান।



অতিথিবৃন্দ পরে একটি ব্লু-স্টার কেন্দ্র পরিদর্শন করেন। এসএমসি'র জেনারেল ম্যানেজার, প্রোগ্রাম, জনাব তছলিম উদ্দিন খান অতিথিদের সফরসঙ্গী ছিলেন এবং ব্লু-স্টার প্রোগ্রাম সম্পর্কে বিষদ বিবরণ প্রদান করেন।

## আমাদের চেয়ারম্যান সিলেট অঞ্চলের সেলস ও প্রোগ্রাম কর্মকান্ড পরিদর্শন করলেন

জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী, চেয়ারম্যান, এসএমসি ও এসএমসি ইএল বোর্ড অফ ডিরেক্টরস, গত ৯-১০ জানুয়ারি, ২০১৮ তারিখে সিলেট ও হবিগঞ্জ জেলায় এসএমসি'র সেলস ও প্রোগ্রাম কর্মকান্ড পরিদর্শন করেন। পরিদর্শনের সময় জনাব চৌধুরী একটি কমিউনিটি সেলস এজেন্ট (সিএসএ) মিটিং ও একটি প্রাইভেট কমিউনিটি হেলথ প্রোভাইডারস (পিসিএইচপি) ট্রেনিং সেশনে উপস্থিত ছিলেন। মাননীয় চেয়ারম্যান, এসএমসি ইএলের সিলেট এরিয়া অফিস পরিদর্শন করেন যেখানে সেলস ম্যানেজার সিলেট জনাব মোহাম্মদ বাহাউদ্দিন খন্দকার তাঁকে সিলেট অঞ্চলের সেলস ও প্রোগ্রাম কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

সফরের অংশ হিসেবে মাননীয় চেয়ারম্যান হবিগঞ্জের বাহুবল উপজেলায় নতুন দিন প্রোগ্রাম অফিস পরিদর্শন এবং সিএসএদের মাসিক সভায় যোগ দেন। তিনি সেখানে সিএসএদের সঙ্গে মতবিনিময় করেন এবং তাদের সন্তোষজনক কর্মকান্ড দেখে ভূয়সী প্রশংসা করেন। এসএমসি'র সিএসএ প্রোগ্রাম গ্রামের মহিলাদের কাছে আমাদের প্রোডাক্ট পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এটি এসএমসি'র একটি যুগান্তকারী পদক্ষেপ যেটা শুধুমাত্র এসএমসিকেই লাভবান করেনি বরং সিএসএ প্রোগ্রাম দেশের গ্রামীন নারীদের স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও নারী ক্ষমতায়নে বিশেষ অবদান রেখেছে চলছে।

মাননীয় চেয়ারম্যান জানুয়ারি ১০, ২০১৮ তারিখে হবিগঞ্জে পিসিএইচপি ট্রেনিং সেশন পরিদর্শনকালে পিসিএইচপিদের সাথে মতবিনিময় করেন। তিনি পিসিএইচপিদের ট্রেনিং পদ্ধতি ও মান দেখে সন্তোষ প্রকাশ করেন এবং পিসিএইচপিদের সাথে এসএমসি'র সংশিষ্টাতার বিষয়ে তাদের গর্ববোধের বিষয়টি লক্ষ্য করেন।




## এলএআরসি'র অভিজ্ঞতা বিনিময় ও পারফর্মেন্স রিভিউ মিটিং অনুষ্ঠিত






এসএমসি'র প্রোগ্রাম ডিভিশন গত জানুয়ারি ২৩, ২০১৮ তারিখে বগুড়া অঞ্চলের লং একটিং রিভার্সেবল কনট্রাসেবটিভ (এলএআরসি) প্রোগ্রামের অধীনে গ্রাজুয়েট ডাক্তারদের সাথে বগুড়ায় অভিজ্ঞতা বিনিময় ও পারফর্মেন্স রিভিউ মিটিং এর আয়োজন করে। মিটিং আয়োজনের উদ্দেশ্য ছিলো পার্ফরমেন্স, বেস্ট প্রাকটিসেস, শিক্ষণীয় বিষয় নিয়ে আলোচনা করা এবং প্রাইভেট সেক্টরে এলএআরসিদের কর্মদক্ষতা বৃদ্ধি করা। মিটিং-এ বগুড়া অঞ্চলের সর্বমোট ৪৫ জন গ্রাজুয়েট ডাক্তার উপস্থিত ছিলেন। সভার উদ্বোধন করেন শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল (ডাঃ) মোঃ গোলাম রসুল। প্রধান অতিথি তাঁর বক্তব্যে জাতীয় লক্ষ্য অর্জনে প্রাইভেট সেক্টরের অবদানের কথা তুলে ধরেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এসএমসি'র জেনারেল ম্যানেজার, প্রোগ্রাম, জনাব তছলিম উদ্দিন খান; এসএমসি ইএলের রিজিওনাল ম্যানেজার (নর্থ ডিভিশন) জনাব কাজী মোঃ জাফরুল্লাহ এবং ওজিএসবি'র কেন্দ্রীয় শাখার প্রাক্তন সাংগঠনিক সম্পাদক, ডাঃ আখতারি হোসেন চৌধুরী।

উপদেষ্টাঃ মোঃ আলী রেজা খান; প্রকাশনা ও সার্কুলেশনঃ কর্পোরেট অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট; কৃতজ্ঞতাঃ সকল বিভাগকে তথ্য দিয়ে সহযোগীতার জন্য; ঠিকানাঃ এসএমসি টাওয়ার, ৩৩ বনানী বা/এ, ঢাকা-১২১৩, বাংলাদেশ।
পিএবিএক্সঃ +(৮৮০২) ৯৮২১০৭৪-৮০, ৯৮২১০৯০, ৯৮২১০৯৩, ওয়েবসাইটঃ www.smc-bd.org